

Press Statement on recent comments by foreign individuals and entities on the farmers' protests

February 03, 2021

কৃষক আন্দোলন নিয়ে বিদেশী নাগরিক এবং বিখ্যাত ব্যক্তিত্বদের সাম্প্রতিক মন্তব্যের উপর প্রেস বিবৃতি

ফেব্রুয়ারি 03, 2021

"ভারতীয় সংসদ, পূর্ণ তর্কবিতর্ক ও আলোচনার পর কৃষি সংস্কার আইন পাস করেছে। এই সংস্কারের ফলে কৃষকদের কাছে বাজার আরও সম্প্রসারিত এবং সহজ হবে। অর্থনৈতিক এবং পরিবেশগতভাবে স্থিতিশীল কৃষিকাজের সুযোগ আরও প্রস্তুত হবে।

ভারতের বিভিন্ন অংশে কৃষকদের ছোট ছোট কিছু সংগঠন এই সংস্কারবিরোধী মনোভাব পোষণ করে। প্রতিবাদীদের অনুভূতির প্রতি সম্মান জানিয়েই ভারত সরকার তাদের প্রতিনিধিদের সাথে ইতিমধ্যে আলোচনা শুরু করেছে। কেন্দ্রীয় মন্ত্রীরা আলোচনায় অংশ নিয়েছেন এবং ইতিমধ্যে এগারো দফার আলোচনা সম্পন্ন হয়েছে। এমনকি সরকার আপাতত আইন মূলতুবি রাখার প্রস্তাবও দিয়েছে, ভারতের প্রধানমন্ত্রীর থেকে বারংবার এই প্রস্তাব পেশ করা হয়েছে।

তবে, স্বার্থান্বেষী দলগুলো এই প্রতিবাদের সুযোগ নিয়ে নিজেদের এজেন্ডা প্রয়োগ করার চেষ্টা করে চলেছে এবং কৃষকদের তাদের নিজস্ব লক্ষ্য থেকে বিচ্ছিন্ন করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। 26 জানুয়ারি ভারতের প্রজাতন্ত্র দিবসে তা এক ভয়াবহ আকারে প্রত্যক্ষ করা গেছে। রাজধানীতেই ভারতের অন্যতম জাতীয় অনুষ্ঠান, ভারতীয় সংবিধানের উদ্বোধন বার্ষিকী সহিংস আন্দোলন ও ভাঙচুরের দ্বারা কলঙ্কিত হয়।

এই সুযোগে স্বার্থান্বেষী কিছু মানুষ ভারতের বিরুদ্ধে আন্তর্জাতিক সমর্থন একত্রিত করার চেষ্টা করেছে। এই ঝামেলার সূত্র ধরেই বিশ্বের আরেক প্রান্তে মহান্না গান্ধীর মূর্তি ভাঙচুর করা হয় যা ভারত এবং আপামর সত্য সমাজের পক্ষে অত্যন্ত অবমাননাকর।

ভারতীয় পুলিশ বাহিনী এই সমস্যা অত্যন্ত কড়া হাতে নিয়ন্ত্রণ করেছে। বহু পুরুষ এবং মহিলা পুলিশ শারীরিকভাবে আক্রান্ত হয়েছে এবং কিছু ক্ষেত্রে ছুরিকাঘাতে গুরুতর আহত হয়েছে।

ভারতের গণতান্ত্রিক নীতি এবং শাসনব্যবস্থার প্রেক্ষিতে এই বিক্ষোভগুলিকে গুরুত্ব দিয়ে সরকার এবং সংশ্লিষ্ট কৃষকগোষ্ঠীর মধ্যে অচলাবস্থা সমাধানের পথ খোঁজা উচিত।

এই জাতীয় বিষয়ে কোনও ধারণা করার আগে, আমাদের অনুরোধ সঠিক তথ্য নির্ধারণ করতে

এবং বর্তমান বিষয়গুলি, বিশেষ করে তারকাদের সামাজিক মাধ্যমের হ্যাশট্যাগ এবং মন্তব্য করার প্রবণতা যথাযথভাবে খতিয়ে দেখতে, কারণ তাদের সঠিক বা দায়িত্বশীল হওয়ার কোনও দায়বদ্ধতা নেই।

#IndiaTogether

#IndiaAgainstPropaganda

নিউ দিল্লি
ফেব্রুয়ারি 03, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.